'সমানো মন্ত্রঃ সমিতিঃ সমানী'

# UNIVERSITY OF NORTH BENGAL

B.A. Honours 3rd Semester Examination, 2024

## CC5-BENGALI

## মঙ্গলকাব্য ও চরিত সাহিত্য

## NEW & RE-REVISED SYLLABUS

Time Allotted: 2 Hours | Full Marks: 60

*The figures in the margin indicate full marks.*

Maynaguri College Library

১। নিম্নলিখিত যে-কোনো ***চারটি*** প্রশ্নের উত্তর দাওঃ  ৩×৪ = ১২

(ক) কেতকাদাস ক্ষেমানন্দের মনসামঙ্গল কাব্যের কয়টি খণ্ড রয়েছে এবং কী কী ?

(খ) 'মনসামঙ্গল' কাব্যে অনিরুদ্ধ ও ঊষার প্রকৃত পরিচয় কী ছিল ? শিবের অভিশাপে তাঁরা মর্ত্যে কী নামে জন্মগ্রহণ করেন ?

(গ) মুকুন্দ চক্রবর্তীর চণ্ডীমঙ্গল কাব্যের নাম কী ? এই কাব্যের কয়েকটি অপ্রধান চরিত্রের নাম লেখো।

(ঘ) কবি মুকুন্দ চক্রবর্তীর জন্মস্থান কোথায় ? পরবর্তীকালে তিনি কোথায় গিয়ে, কোন রাজার পৃষ্ঠপোষকতা লাভ করেন ?

(ঙ) বৃন্দাবনদাসের 'চৈতন্যভাগবত' কাব্যে কয়টি খণ্ড রয়েছে এবং কী কী ? আদি খণ্ডের অধ্যায় সংখ্যা কত ?

(চ) চৈতন্যদেবের দ্বিতীয় পত্নীর নাম কী ছিল ? তাঁর দ্বিতীয় বিয়ের ব্যয়ভার কে বহন করেছিলেন ? তাঁর প্রথম পত্নীর মৃত্যু কীভাবে ঘটেছিল ?

২। নিম্নলিখিত যে-কোনো ***চারটি*** প্রশ্নের উত্তর দাওঃ  ৬×৪ = ২৪

(ক) কেতকাদাস ক্ষেমানন্দের মনসামঙ্গল কাব্যের যে-কোনো একটি গৌণচরিত্র সম্বন্ধে আলোচনা করো।

(খ) কেতকাদাস ক্ষেমানন্দের মনসামঙ্গল কাব্যে কীভাবে লোকসংস্কৃতির বিভিন্ন দিক ফুটে উঠেছে তা উল্লেখ করো।

(গ) 'পশুগণের ক্রন্দন' অবলম্বনে মুকুন্দ চক্রবর্তীর কৌতুকরস সৃষ্টির কৃতিত্ব আলোচনা করো।

(ঘ) 'বারোমাস্যা' কাকে বলে ? মুকুন্দ চক্রবর্তীর কাব্যে 'ফুল্লরার বারোমাস্যা' বর্ণনার গুরুত্ব বিশ্লেষণ করো।

(ঙ) 'চৈতন্যভাগবত' গ্রন্থে মহাপ্রভুর বিদ্যাশিক্ষার যে বিবরণ আছে তার পরিচয় দাও।

(চ) 'চৈতন্যভাগবত' অবলম্বনে নিত্যানন্দের পরিচয় দাও।

৩। নিম্নলিখিত যে-কোনো ***দুটি*** প্রশ্নের উত্তর দাওঃ  ১২×২= ২৪

(ক) কেতকাদাস ক্ষেমানন্দের 'মনসামঙ্গল' কাব্য অনুসরণে বেহুলা চরিত্রটি চিত্রিত করো।

(খ) মুকুন্দ চক্রবর্তীর চণ্ডীমঙ্গল কাব্যে উপন্যাস ধর্ম কীভাবে ধরা পড়েছে — তা বুঝিয়ে দাও।

(গ) মুকুন্দ চক্রবর্তীর চণ্ডীমঙ্গল কাব্যে বর্ণিত কালকেতু চরিত্র সম্বন্ধে আলোচনা করো।

(ঘ) 'চৈতন্যভাগবত' কাব্য অবলম্বনে তৎকালীন বঙ্গদেশের যে সামাজিক ও সাংস্কৃতিক অবস্থার পরিচয় পাওয়া যায়, তা আলোচনা করো।

——×——